**কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প**
**কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**

---

# সম্ভাব্য বৃষ্টিপাতের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

**(বাগেরহাট, সাতক্ষীরা, খুলনা, পিরোজপুর, বরগুনা, বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালী, ভোলা, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙামাটি ও বান্দরবান জেলার জন্য)**

**প্রকাশের তারিখ: ২৫/১১/২০২৪**

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (বিএমডি) এর তথ্য অনুসারে, আগামী ২৮-৩০ নভেম্বর ২০২৪ তারিখে উপরোক্ত জেলাগুলোতে হালকা থেকে মাঝারি বৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে বৃষ্টিপাতের ক্ষতিকর প্রভাব থেকে দন্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত জরুরি পরামর্শসমূহ প্রদান করা হলো:

- জমির নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে অতিরিক্ত পানি জমে না থাকতে পারে।
- বৃষ্টিপাতের আগেই পরিপক্ক ফসল সংগ্রহ করে নিরাপদ জায়গায় রাখুন।
- বৃষ্টিপাতের ক্ষতি থেকে রক্ষার জন্য বীজতলায় থাকা সবজির চারা পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন।
- সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- বীজ বপন ও চারা রোপণ থেকে বিরত থাকুন।
- গবাদি পশু ও হাঁসমুরগীর থাকার জায়গা পরিষ্কার ও শুকনো রাখুন।

(ড. মো: শাহ কামাল খান)
প্রকল্প পরিচালক
যোগাযোগ নম্বর: ০১৭১২১৮৪২৭৪
ইমেইল: kamalmoa@gmail.com